ভয়েস মেসেজে হোয়াটসঅ্যাপ নতুন ফিচার ‘ভিউ ওয়ান্স’

হোয়াটসঅ্যাপে ছবি বা ভিডিও পাঠালে আপনি তা একবার ক্লিক করে খুলে ফেললে আর দ্বিতীয়বার দেখতে পাবেন না। ভিউ ওয়ান্স অপশন ব্যবহারের এটাই মজা। দু’বছর আগেই এই আকর্ষণীয় ফিচার এনেছিল এই মেসেজিং অ্যাপ। এবার ভয়েস মেসেজেও যুক্ত হলো এই ফিচারটি।

এই ফিচারের মাধ্যমে পাঠানো ভয়েস মেসেজ গ্রাহক একবার শুনে ফেললে তা আপনা-আপনি গায়েব হয়ে যাবে। ছবি ও ভিডিওর ক্ষেত্রে ভিউ ওয়ান্স ফিচার যেভাবে কাজ করে, ভয়েস মেসেজেও সেভাবেই কাজ করবে।

খবরে বলা হয়, ফিচারটি এমন পরিস্থিতির জন্য উপযোগী, যখন গ্রাহক কোনো সংবেদনশীল তথ্য শেয়ার করতে চান। যেমন ক্রেডিট কার্ডের নম্বর, গুরুত্বপূর্ণ গোপনীয় তথ্য যা শুধুমাত্র একবার শোনা উচিত। এর ফলে ভয়েস মেসেজটি গ্রাহকের অন্য কোনো ফোল্ডারে সেভ হয়ে থাকবে না।

ভিউ ওয়ান্স ভয়েস মেসেজ ছবি ও ভিডিওয়ের মতো ‘ওয়ান টাইম’ আইকন দিয়ে চিহ্নিত করা হয়। হোয়াটসঅ্যাপ বলেছে, ভিউ ওয়ান্স ভয়েস মেসেজগুলোও ডিফল্ট বা স্বয়ংক্রিয়ভাবে এন্ড টু এন্ড এনক্রিপশনের সুবিধা পাবে।

সূত্র: ইত্তেফাক

গুগলের নতুন নোটবুকএলএম

গুগলের কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত নতুন নোটবুক অ্যাপ নোটবুকএলএম মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত হয়েছে। পরীক্ষামূলকভাবে চালু হওয়া অ্যাপটি ইতোমধ্যে জেমিনি প্রো ব্যবহার করছে। নোটবুকটি ডকুমেন্ট বোঝা ও সমন্বয়ের কাজে সাহায্য করবে।

নোটবুকএলএম ডকুমেন্ট দিলে তার সারমর্ম বের করতে পারবে। তাছাড়া নানা সাজেশান দিয়ে টেক্সটকে গোছাতে সাহায্য করবে অ্যাপটি। লেখালেখির সঙ্গে যারা যুক্ত তারা সবাই এই অ্যাপের মাধ্যমে লেখালেখির চর্চাকে আর ভালো করতে পারবেন।

নোটবুকটি অটোমেটিক্যালিই ব্যবহারকারীদের সাজেশান দিয়ে থাকে। এখন আপনারা বুঝতে পারবেন কোন লেখায় কি করতে হবে। অটো সাজেশানও চোখের এড়িয়ে যাওয়া ভুলগুলো ধরতে সাহায্য করবে। এখন এই সার্ভিস শুধু যুক্তরাষ্ট্রেই আছে। পরবর্তীতে অন্যান্য দেশে চালু হবে।

সূত্র: টেকক্রাঞ্চ

গুগল বার্ডে জেমিনি চ্যাটবট ব্যবহারের উপায়

বহুল আলোড়ন তুলে অবশেষে গুগল বার্ডে জেমিনি চ্যাটবট যুক্ত হয়েছে। বার্ড চ্যাটবটের ভেতর এখন জেমিনি এআই প্রো সংযুক্ত রয়েছে।

পিক্সেল এইট প্রোতে এখন কৃত্রিম বুদ্ধিমত্তা সাজেস্টেড টেক্সট রিপ্লাই রয়েছে। হোয়াটসঅ্যাপে রিপ্লাই পাঠাতে পারবেন এখন সহজেই। ভবিষ্যতে জিবোর্ডেও এই ফিচার যুক্ত হবে বলে জানা গেছে।

নাম প্রো হলেও জেমিনি প্রো বিনামূল্যে ব্যবহার করা যাবে। ফোনের ব্রাউজারে গিয়ে গুগল বার্ডে যান। আপনার বার্ড অ্যাকাউন্ট না থাকলে এই সুবিধা ব্যবহার করতে পারবেন না। জেমিনি আপনাকে পুরোনো কৃত্রিম বুদ্ধিমত্তা মডেল ব্যবহার করতে দেবে। কিন্তু জিপিটি-৪ ব্যবহার করতে হলে আপনায় সাবস্ক্রিপশন নিতে হবে।

২০২৪ সালে গুগল জেমিনি আলট্রা চালু করবে জেমিনি আল্ট্রা চালু হলে সাবস্ক্রিপশন নিতে হবে। গুগল জানিয়েছে আল্ট্রাই সবচেয়ে ক্ষমতাধর মডেল। এখনও এ নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে।

সূত্র: ইত্তেফাক

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

সম্পন্ন হবে বলে জানা গেছে। তারপরও কিছু দ্বিধা রয়ে গেছে। দুই প্রতিষ্ঠানের মধ্যকার এলায়েন্সে কৃত্রিম বুদ্ধিমত্তা সংলগ্ন সম্ভাবনা ব্যবহারের চেষ্টাও করা হবে।

কৃত্রিম বুদ্ধিমত্তার জগতে প্রতিযোগিতায় টিকে থাকতে তথ্যের ফ্রি ফ্লো নিশ্চিত করার ক্ষেত্রে এই এলায়েন্সের কিছু ইতিবাচক দিকও খুঁজে পাওয়া গেছে। যদিও অন্যান্য প্রতিযোগীরা মেটার ওপেন সোর্স কৃত্রিম বুদ্ধিমত্তার সমালোচনা করছে। কিন্তু আইবিএমের ক্ষেত্রে লাভের কিছু বিষয় রয়েছে। জেনারেটিভ এআইয়ের সুবিধা অর্জনের ক্ষেত্রে এই কৃত্রিম বুদ্ধিমত্তার নানা সুবিধা রয়েছে।

সূত্র: টেকক্রাঞ্চ

মাইক্রোসফট ৩৬৫ এক্সটেনশন বন্ধ

মাইক্রোসফট ৩৬৫-এর ব্রাউজার এক্সটেনশন সুবিধা বন্ধ হয়ে যাচ্ছে। বিনামূল্যে ব্যবহারযোগ্য এক্সটেনশনটি মাইক্রোসফট এজ ও গুগল ক্রোমের মতো ব্রাউজারগুলোয় ব্যবহার করা যেত।

এ এক্সটেনশনের মাধ্যমে ব্যবহারকারীরা ওয়েব মাইক্রোসফট ৩৬৫ অ্যাপ্লিকেশন চালাতে পারত। মাইক্রোসফটের সাম্প্রতিক ঘোষণা অনুযায়ী, ১৫ জানুয়ারির পর থেকে এক্সটেনশনটি আর কাজ করবে না। বর্তমানে ক্রোমে মাইক্রোসফট ৩৬৫ এক্সটেনশনটির ব্যবহারকারীর সংখ্যা ৬০ লাখের অধিক। মাইক্রোসফট এজ ব্রাউজারে এক্সটেনশনটির ব্যবহারকারী ৪০ লাখেরও বেশি।

নির্ধারিত সময়ের পর থেকে এক্সটেনশনটি আর সিকিউরিটি আপডেট, অন্যান্য আপডেট, টেকনিক্যাল সাপোর্ট পাবে না। যুক্তরাষ্ট্রের কোম্পানিটি আরও জানায়, এক্সটেনশনটি এজ ও ক্রোম ওয়েব স্টোর থেকে সরিয়ে নেওয়া হবে।

এখন থেকে এজ ব্রাউজার ব্যবহারকারীরা সাইডবার থেকে সরাসরি

মাইক্রোসফট ৩৬৫ ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহার করতে পারবেন।

সূত্র: যুগান্তর

ফুরালো জিটিএ-৬ এর প্রতীক্ষা

অবশেষে অপেক্ষার প্রহর ফুরালো। গ্রেন্ড থেফট অটো নিয়ে অনেকেরই রয়েছে নস্টালজিয়া। অনেকে অপেক্ষায় ছিলেন কবে আসবে গেমটির পরবর্তী সংস্করণ। প্রতিষ্ঠানটি জানিয়েছে ৫ ডিসেম্বর গেমটির ট্রেইলার উন্মুক্ত হবে ওয়েবে।

জিটিএ ৫ প্রকাশের পর ১০ বছর পেরিয়ে গেছে। মাইনক্রাফটের পর এটি সবচেয়ে বেশি বিক্রি হওয়া ভিডিও গেমের খেতাব পেয়েছে। এখন পর্যন্ত গেমের কপি বিক্রি হয়েছে ১৮ কোটি ৫০ লাখ কপির বেশি। কয়েক বছর ধরেই জিটিএ ৬-এর উন্নয়নে কাজ করছে রকস্টার গেমস। তবে ২০২২ সালের ফেব্রুয়ারিতে কোম্পানিটি প্রথম উন্নয়নসংক্রান্ত তথ্য প্রকাশ করে। এর আগে গেমিং জায়ান্টটির প্রেসিডেন্ট স্যাম হাউজার ডিসেম্বরে কোম্পানির ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে ট্রেলার উন্মোচনের ঘোষণা দিয়েছিলেন।

খবর এখানেই শেষ নয়। নেটফ্লিক্সের সঙ্গে নতুন চুক্তির ঘোষণা দিয়েছে রকস্টার। এর মাধ্যমে বেশকিছু গেম স্ট্রিমিং জায়ান্টটির গেমিং সেগমেন্টে আনা হবে বলে জানা গেছে। এর অংশ হিসেবে ১৪ ডিসেম্বর থেকে নেটফ্লিক্স মোবাইল সাবস্ক্রাইবারদের জন্য জিটিএ ৩, ভাইস সিটি ও স্যান অ্যান্দ্রেজের মতো গেম নিয়ে আসা হবে।

সূত্র: লাইভমিন্ট

১০ ওয়েবসাইট দিয়ে ফ্রি উইন্ডোজ সফটওয়্যার ডাউনলোড করুন

ফ্রি সফটওয়্যার ডাউনলোডের জন্য অনলাইনে বিভিন্ন ওয়েবসাইট রয়েছে। তবে এগুলোর সবক’টি যে নিরাপদ তাও নয়। সাইবার অপরাধীরা ফ্রি ওয়েবসাইট থেকে সফটওয়্যার ডাউনলোডের সময় ম্যালওয়্যার বা ভাইরাস ছড়িয়ে দিয়ে থাকে। এ কারণে সব ওয়েবসাইট থেকে ফাইল বা সফটওয়্যার ডাউনলোড না করাই ভালো। নিরাপদে সফটওয়্যার ডাউনলোডের জন্য বেশকিছু ওয়েবসাইট বা প্ল্যাটফর্ম রয়েছে।

সফটওয়্যার বা কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইট: থার্ড পার্টি ওয়েবসাইটে যাওয়ার আগে অফিসিয়াল সাইট থেকে সফটওয়্যার ডাউনলোড করা সবচেয়ে বেশি নিরাপদ। কোনো ব্রাউজার, সিকিউরিটি স্যুট, মিডিয়া অ্যাপ ডাউনলোডের জন্য অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করা ভালো। কিছু সফটওয়্যারের সঙ্গে অতিরিক্ত কিছু অ্যাপ থাকলেও ম্যালওয়্যার আক্রমণের আশঙ্কা নেই।

নিনাইট
নিনাইট খুবই সাধারণ ডিজাইনের একটি প্ল্যাটফর্ম বা ওয়েবসাইট। এখানে বিখ্যাত ও প্রয়োজনীয় প্রোগ্রামের তালিকা দেওয়া থাকে। এখান থেকে ব্যবহারকারীরা প্রয়োজনীয় সব অ্যাপ নির্বাচন করতে পারবেন। এর গেট ইওর নিনাইট বাটনে ক্লিক করলে সব প্রোগ্রাম ইনস্টলের সুবিধাযুক্ত একটি কাস্টম ইনস্টলার আসবে। এটি স্বয়ংক্রিয়ভাবে টুলবার ও অপ্রয়োজনীয় ফাইল ব্লক করতে সক্ষম।

সফটপেডিয়া
থার্ড পার্টি মাধ্যম থেকে সফটওয়্যার ডাউনলোডের দিক থেকে বিশেষভাবে পরিচিত সফটপেডিয়া। এখান থেকে ৩০০ কোটিবারের বেশিবার সফটওয়্যার ডাউনলোড হয়েছে। প্রচলিত সব অ্যাপের আপডেটই এখানে পাওয়া যায়। এছাড়া ওয়েবসাইটটির ইন্টারফেসও ব্যবহারকারীবান্ধব। উইন্ডোজ ছাড়াও এখানে ম্যাক, লিনাক্স ও অ্যান্ড্রয়েড অ্যাপও পাওয়া যাবে।

মেজরগিকস
প্রযুক্তিবিশারদদের মতে, ১৯৯০-এর দশকের পর এ ওয়েবসাইটটি আর আপডেট

করা হয়নি। তবে উইন্ডোজের সফটওয়্যার ডাউনলোডের জন্য মেজরগিকস বিশ্বাসযোগ্য একটি মাধ্যম। প্রচলিত ও শীর্ষ কিছু সফটওয়্যার সম্পর্কে জানার জন্য ওয়েবসাইটটি বেশ পরিচিত। এছাড়া বাম দিকের সাইডবারেও রিকমেন্ডেড প্রোগ্রামগুলো সাজানো থাকে।

ফাইলহিপো
উইন্ডোজের সফটওয়্যার ডাউনলোডের জন্য অন্যতম একটি সাইট হচ্ছে ফাইলহিপো। এখানে বিভিন্ন ক্যাটাগরিতে অ্যাপ ভাগ করা থাকে। প্রতি পেজেই সফটওয়্যার সম্পর্কে লেখা থাকে।

ডাউনলোড ক্রু
এ ওয়েবসাইটে সব অ্যাপ সম্পর্কে বিস্তারিত ও গুরুত্বপূর্ণ তথ্য থাকে। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে সাধারণ ব্যবহারকারীরাই এখানে রিভিউ দিয়ে থাকে। ফলে কোন অ্যাপ কেমন সার্ভিস দিচ্ছে বা কাজ করছে সে বিষয়ে সহজেই তথ্য পাওয়া সম্ভব।

ফাইলহর্স
ফাইলহর্সে বেশি সফটওয়্যার না থাকলেও এখানে প্রয়োজনীয় সব অ্যাপই থাকে। প্রতিটি পেজেই স্ক্রিনশট থাকে। ফলে অ্যাপের ভালো-মন্দ সব বিষয় সহজে জানা যাবে। এখানে সব অ্যাপ ছোট ক্যাটাগরিতে ভাগ করা থাকে। তাই বিকল্প অ্যাপ খুঁজে পাওয়াও সহজ।

ফাইলপুমা
খুবই সাধারণ ইন্টারফেসযুক্ত ওয়েবসাইট হচ্ছে ফাইলপুমা। ফলে সহজে যেকোনো ক্যাটাগরির অ্যাপ খুঁজে পাওয়া যায়। তবে এখানে পুরোনো সফটওয়্যার পাওয়া যায় এবং আপডেট শনাক্তের জন্য ডিটেক্টর রয়েছে। এর মাধ্যমে কম্পিউটারে আপডেটেড সফটওয়্যার ইনস্টল করা যায়।

স্ন্যাপফাইলস
স্ন্যাপফাইলস দেখতে সাধারণ ডাউনলোড ওয়েবসাইটের মতোই। তবে ফ্রিওয়্যার পিক, মোরসহ বেশকিছু ফিচারের কারণে এটি জনপ্রিয়। ফ্রিওয়্যার পিকে অজানা কিন্তু কার্যকর অ্যাপের বিষয়ে তথ্য দেওয়া হয়। পোর্টেবল অ্যাপের জন্যও এখানে আলাদা পেজ রয়েছে।

মাইক্রোসফট স্টোর
মাইক্রোসফট স্টোর থেকে অ্যাপ ডাউনলোড করার হার অনেক কম। এখানে সব অ্যাপ কার্যকর না হলেও কিছু অ্যাপ ইনস্টল করা যায়। এছাড়া ম্যালওয়্যার থেকে সুরক্ষার জন্য আসল অ্যাপও এখানে পাওয়া যায়। থার্ড পার্টি সাইটের তুলনায় অফিসিয়াল স্টোর ব্যবহারের সুবিধা

হলো এখানে অ্যাপ স্বয়ংক্রিয়ভাবে আপডেট হয়ে যায়।

প্রযুক্তিবিশারদদের মতে, এসব সাইট থেকে ডাউনলোড করা গেলেও কোনোটিই শতভাগ নিরাপদ নয়। তাই ডাউনলোড ও ইনস্টলের ক্ষেত্রে সতর্ক থাকাই উত্তম।

সূত্র: ইত্তেফাক

এবার চ্যাটে নিরাপত্তা বাড়ালো হোয়াটসঅ্যাপ

চ্যাটে নিরাপত্তা বাড়ালো হোয়াটসঅ্যাপ। সেই সাথে হোয়াটসঅ্যাপের চ্যাটের নিরাপত্তার জন্য যুক্ত হয়েছে সিক্রেট কোড। চলতি বছর হোয়াটসঅ্যাপ লকড চ্যাট নামক ফিচার চালু করে। সেই লকড চ্যাটে গোপনীয় চ্যাটগুলো রাখা যেত। এবার তারা লকড চ্যাটে বাড়তি সুরক্ষা হিসেবে সিক্রেট কোড যুক্ত করেছে।

লকড চ্যাট বাড়তি একটি ফোল্ডারের মতো ছিল। এতদিন লকড ফোল্ডারে গেলেই সব লকড চ্যাট দেখা যেত। এখন সিক্রেট কোড থাকায় শুধু যে চ্যাট দেখা প্রয়োজন সেটিই দেখতে পাবেন। সিক্রেট কোডের জন্য আপনাকে পিন বা নাম্বার সেট করতে হবে এমন নয়। বরং বর্ণ, হরফ, আইকন, ইমোজি দিয়েও আপনি সিক্রেট কোড সেট করতে পারবেন।

হোয়াটসঅ্যাপ চ্যানেলে মার্ক জাকারবার্গ জানান, ‘আমরা এই ফিচারটি চালু করেছি যেন আপনার সবচেয়ে গোপন চ্যাটটি নিরাপদ থাকে।’

অবশ্য লকড চ্যাট থাকলেই সিক্রেট কোড ব্যবহার করতে হবে এমন নয়। তবে এটি একটি বাড়তি নিরাপত্তা হিসেবে বাড়তি সুবিধা দেবে।

সূত্র: টেকক্রাঞ্চ

অ্যান্ড্রয়েড অটোতে কালার স্কিমে পরিবর্তন

অ্যান্ড্রয়েড অটোতেও এবার কালার স্কিমে পরিবর্তনে নতুন রঙের প্যালেটের মধ্যে সেলফোন, ট্যাবলেট ও ডেস্কটপের গুগল ম্যাপে প্রয়োগ করা হয়েছে, যা এখন অ্যান্ড্রয়েড অটোতে দৃশ্যমান হচ্ছে। আপডেটের পর ম্যাপে উষ্ণ রঙের পরিবর্তে কিছুটা নীলাভ বা ঠাণ্ডা রঙ যুক্ত করা হয়েছে।

এ ছাড়াও গাড়িতে গুগল ম্যাপস ব্যবহার করার সময় অ্যান্ড্রয়েড অ্যাপটিতে শীতল ও গাঢ় রঙে নতুন পরিবর্তন দেখা যাবে।

আপডেটের অংশ হিসেবে পার্ক ও বনের প্রতিনিধিত্ব করতে সবুজ রঙের বদলে ব্যবহার করা হয়েছে মিন্ট রঙ। রাস্তাগুলোকে ধূসর রঙ করা হয়েছে। এমন পরিবর্তন ব্যবহারকারীদের নজর কাড়বে বলে আশা সংশ্লিষ্টদের।

নেভিগেশন রুটের নীল লাইন ও ওপরে থাকা তথ্য কার্ডে দিকনির্দেশনাগুলো এখন আপডেট করা রঙের স্কিমের সঙ্গে মিলিয়ে দেখানো হবে। নতুন গুগল ম্যাপস তাদের মানচিত্রকে আরো আধুনিক করার অংশ হিসেবে পরিবর্তন এনেছে বলে ধারণা করছেন প্রযুক্তিবিদরা। তবে অনেকের কাছে এ পরিবর্তন গ্রহণযোগ্যতা পায়নি। উষ্ণ রঙগুলো সাধারণত আরো বেশি ব্যবহারকারীবান্ধব হয়ে থাকে। যে কারণে নতুন ঠাণ্ডা প্যালেট বা নীলাভ রঙ গাড়ির ভেতর ম্যাপ দেখা ব্যবহারকারীর জন্য কষ্টকর হয়ে উঠবে বলে মনে করছেন বিশ্লেষকরা।

সূত্র: গ্যাজেট৩৬০